



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

১০ মে ২০২২

তারিখ : -----

২৭ বৈশাখ ১৪২৯

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আমদানি খণ্পত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১০, তারিখ: ১১ এপ্রিল ২০২২ এবং বিআরপিডি সার্কুলার নং-২৩,  
তারিখ: ০২ ডিসেম্বর ২০০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার লেটার নং-১০/২০২২ এর মাধ্যমে শিশুখাদ্য, জ্বালানিসহ অত্যাবশ্যকীয় খাদ্যপণ্য, জীবন রক্ষাকারী ঔষধ,  
স্থানীয় ও রপ্তানিমূল্যী শিল্প এবং কৃষি খাত সংশ্লিষ্ট আমদানি ব্যতীত অন্যান্য সকল পণ্য আমদানির বিপরীতে খণ্পত্র স্থাপনের  
ক্ষেত্রে নগদ মার্জিন হার ন্যূনতম ২৫ শতাংশ সংরক্ষণের জন্য নির্দেশনা দেয়া হয়। এক্ষণে কোডিড-১৯ এর প্রভাব এবং বহিঃবিশ্বে  
যুদ্ধাবস্থার কারণে বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি হওয়ার প্রেক্ষিতে দেশের মুদ্রা ও খণ্প ব্যবস্থাপনা অধিকতর সুসংহত  
রাখার লক্ষ্যে আমদানি খণ্পত্র স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্তভাবে নগদ মার্জিন হার পুনঃনির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

ক) মোটর কার (সেডান কার, SUV ইত্যাদি), হোম অ্যাপ্লিয়েশন হিসেবে ব্যবহৃত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স  
সামগ্রীর আমদানি খণ্পত্র স্থাপনের ক্ষেত্রে ন্যূনতম ৭৫ শতাংশ নগদ মার্জিন সংরক্ষণ করতে হবে:

খ) শিশুখাদ্য, অত্যাবশ্যকীয় খাদ্যপণ্য, জ্বালানি, স্বাস্থ্য অধিদণ্ডের কর্তৃক স্বীকৃত জীবন রক্ষাকারী ঔষধ ও সরঞ্জামসহ  
চিকিৎসা সংক্রান্ত কাজে ব্যবহৃত দ্রব্যাদি, উৎপাদনমূল্যী স্থানীয় শিল্প ও রপ্তানিমূল্যী শিল্পের জন্য সরাসরি আমদানিকৃত  
মূলধনী যন্ত্রপাতি ও কাঁচামাল, কৃষি খাত সংশ্লিষ্ট পণ্য এবং সরকারি অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্পে ব্যবহারের জন্য  
আমদানিকৃত অত্যাবশ্যকীয় পণ্য ব্যতীত অন্যান্য সকল পণ্যের আমদানি খণ্পত্র স্থাপনের ক্ষেত্রে ন্যূনতম ৫০  
শতাংশ নগদ মার্জিন সংরক্ষণ করতে হবে।

৩। এ নির্দেশনা জারির প্রেক্ষিতে বিআরপিডি সার্কুলার লেটার নং-১০, তারিখ: ১১ এপ্রিল ২০২২ এ বর্ণিত নির্দেশনা রহিত  
করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,

M. Begum

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২